

🗏 আন-নাযি'আত | An-Nazi'at | ٱلنَّازِعَات

আয়াতঃ ৭৯:৮

আরবি মূল আয়াত:



সেদিন অনেক হৃদয় ভীত-সন্ত্রস্ত হবে। — আল-বায়ান
কত হৃদয় সে দিন ভয়ে ভীত হয়ে পড়বে, — তাইসিরুল
কত হৃদয় সেদিন সন্ত্রস্ত হবে, — মুজিবুর রহমান

Hearts, that Day, will tremble, — Sahih International

৮. অনেক হৃদয় সেদিন সম্ভ্রস্ত হবে(১),

(১) "কতক হৃদয়" বলতে কাফের ও নাফরমানদের বোঝানো হয়েছে। কিয়ামতের দিন তারা ভীত ও আতঙ্কিত হবে। [মুয়াস্সার] সৎ মুমিন বান্দাদের ওপর এ ভীতি প্রভাব বিস্তার করবে না। অন্যত্র তাদের সম্পর্কে বলা হয়েছেঃ "সেই চরম ভীতি ও আতংকের দিনে তারা একটুও পেরেশান হবে না এবং ফেরেশতারা এগিয়ে এসে তাদেরকে অভ্যর্থনা জানাবে। তারা বলতে থাকবে, তোমাদের সাথে এ দিনটিরই ওয়াদা করা হয়েছিল।" [সূরা আল-আম্বিয়া: ১০৩]

তাফসীরে জাকারিয়া

৮। কত হৃদয় সেদিন ভীত-সন্ত্রস্ত হবে। [1]

[1] কিয়ামতের ভয়াবহতা এবং কঠিনতার কারণে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5720

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন